গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ-০১ শাখা
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০২৪.২৩.০২২.২৬- ১০৪৭

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি)-২০২৭ নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে আপলোডকরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি)-নির্বাচন নীতিমালা-২০১৮ অনুযায়ী ২০২৭ সালের জন্য বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচনের লক্ষ্যে সংযুক্ত বিজ্ঞপ্তিটি স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতি জরুরি।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ

৩০।০৮।২০২৬

সাইয়েদা ফয়জুন্নেছা
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৪১০৩০২৫১
ইমেইল- saswelfare@probashi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা
০২। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), ঢাকা
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০২৪.২৩.০২২.২৬-

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
০৪। অফিস কপি।

সাইয়েদা ফয়জুন্নেছা
সিনিয়র সহকারী সচিব



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কল্যাণ-০১ শাখা
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০২৪.২৩.০২২.২৬- ১০৪৪

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয়: তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৭ নির্বাচন**

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৭ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন অনিবাসী বাংলাদেশিদের নিকট থেকে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রমিক | ক্যাটাগরি | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] | সর্বোচ্চ ০৫ জন | ক) ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ; এবং<br>(খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন। |
| ০২ | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] | সর্বোচ্চ ৭৫ জন | ২০২৫-২০২৬ অর্থবছরে অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ। |
| ০৩ | সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] | সর্বোচ্চ ১০ জন | (ক) ২০২৫-২০২৬ অর্থবছরে বাংলাদেশ থেকে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার [Free on Board (FOB)] বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ;<br>(খ) পিআরসি (Proceeds Realisation Certificate)-এর মাধ্যমে বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ; এবং<br>(গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন বাংলাদেশি পণ্য (Higher Value Added Product) সংশ্লিষ্ট দেশে আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে। |

**শর্তাবলি:**

১। ০১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. থেকে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বাংলাদেশ সময় রাত ১২.০০ টার মধ্যে নির্ধারিত ওয়েবসাইট (https://stg-cip.oep.gov.bd/)-এর মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। উক্ত সময়সীমার পর কোন আবেদন দাখিল করা যাবে না;

২। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস অথবা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি (হার্ড কপি আকারে) কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না;

৩। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে; এবং

৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন কিংবা এইসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।

৩০।০৮।২০২৬

সাইয়েদা ফয়জুন্নেছা
সিনিয়র সহকারী সচিব
ইমেইল- saswelfare@probashi.gov.bd

E:\Masud Bin Rashid\CIP 2027\বিজ্ঞপ্তি (CIP-2027), Circular.doc

CamScanner